

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয় ঢাকা। তারিখ : ৪ এপ্রিল, ২০১৭।

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : নাম-পরিচয় গোপন রেখে কেউ কোন অভিযোগ করলে সংস্থা কর্তৃক তার সাড়া না দেয়া প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সংস্থার মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালায় অভিযোগ নিষ্পত্তিকরণ নীতিমালা এবং হাইসেল রেঞ্জিং নীতিমালা চালু রয়েছে। তাছাড়া অভিযোগকারীর সকল তথ্য গোপন রেখে অফিয়োগ নিষ্পত্তির ব্যবস্থা সংস্থার যথাযথভাবে বিদ্যমান রয়েছে। কিন্তু ইদানিংকালে কেউ কেউ নাম-পরিচয় গোপন রেখে অভিযোগ করছেন। তাই এ বিষয়ে ব্যবস্থাপনা নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করছে:-

১. সংস্থার কর্মসূচি সকল কর্মী কারো বিরুদ্ধে অভিযোগ করতে হলে তার নাম-পরিচয় জানাতে হবে। তাই কেউ যদি নিজের পরিচয় গোপন করে অভিযোগ করে, ভুয়া ই-মেইল আইডি, ভুয়া ঠিকানা ইত্যাদি ব্যবহার করে অভিযোগ করেন তাহলে সে অভিযোগে সাড়া দিতে সংস্থা বাধ্য নয়। পরবর্তীতে যদি প্রমাণিত হয় যে সেই বেনামী অভিযোগকারী সংস্থার কর্মী। তখন পরিচয় গোপন করার কারণে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
২. সংস্থার বাইরের কোন অভিযোগকারীও যদি পরিচয় গোপন রেখে অভিযোগ করেন তাহলেও তার সাড়া প্রদান করতে সংস্থা বাধ্য নয়।
৩. সংস্থায় অভিযোগ নিষ্পত্তিকারীদের ব্যাপারে এখন পর্যন্ত কোন অভিযোগ নেই। যদি অভিযোগ নিষ্পত্তিকারীদের বিরুদ্ধেও কখনও কখনও লিখিত/মৰ্মাখিক অফিয়োগ আসে সেক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তিকারীদের বিরুদ্ধেও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. এ সার্কুলারটি পরবর্তী তিনটি সভায় আলোচনা করতে হবে এবং সকলের স্বাক্ষর হয়ে যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।
৫. এ সার্কুলারটি অন্তিমিলমে কার্যকরী হবে এবং এর সাথে আপনারা কেউ দ্বিমত পোষন করলে আগামী ২০ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে সহকারী পরিচালক-এইচআরএম অথবা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে যেকোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৬. পরবর্তীতে এ সার্কুলারের গুরুত্বপূর্ণ অংশসমূহ কোস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালার অন্তর্ভুক্ত হবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

সনত কুমার ভোঁমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কর্প